গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০

**দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদারকরণে রাঙ্গামাটির ঘাগড়ায় বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের ৩য় পিআইসি সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | এ.কে.এম. মিজানুর রহমান, মহাপরিচালক, শ্রম অধিদপ্তর। |
| সভার তারিখ | ১৯/০১/২০২০ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | শ্রম অধিদপ্তরের সভা কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ আরম্ভ করেন। প্রথমেই প্রকল্পের বিগত PIC সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ সভায় নির্ধারিত আলোচ্যসূচিমতে প্রণীত কার্যপত্র উপস্থাপন করেন এবং নিম্নরুপ আলোচনা শুরু করেনঃ

**আলোচনা:**

প্রকল্প কাজের অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে ভৌত অবকাঠামোতে নির্মাণ কাজের ইতোমধ্যে ৮০% কাজ সম্পন্ন হয়েছে এবং ডিসেম্বর ২০১৯ পর্যন্ত প্রকল্পের অনুকূলে ক্রমপুঞ্জিত ব্যয় ৩৬৫০.০০ লক্ষ টাকা। এ মতে আর্থিক অগ্রগতির হার মোট প্রকল্প ব্যয়ের ৫৭%। সভার এপর্যায়ে প্রকল্প মেয়াদের নির্ধারিত সময়ে প্রকল্প কাজ সমাপ্ত হবে কিনা এ বিষয়ে কমিটির সদস্যবৃন্দ জানতে চাইলে প্রকল্পের নির্মাণকাজ বাস্তবায়নকারী সেনা কল্যাণ সংস্থার প্রকল্প পরিচালক কর্ণেল মাহমুদ নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পের কাজ সমাপ্ত করার আশাবাদ ব্যক্ত করে বলেন যে, “দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ এবং জোরদার করণে ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ” শীর্ষক একনেক অনুমোদিত প্রকল্পের কাজ শুরুর প্রাক্কালে রাঙ্গামাটিতে অতিবর্ষণজনিত প্রাকৃতিক দুর্যোগে প্রকল্পস্থানের সংলগ্ন পাহাড়ের মাটি ধসে পড়ায় মূল ডিপিপি'তে সংরক্ষিত নকশার কিছুটা পরিবর্তন করে প্রকল্পের কাজ শুরু করা হয়। প্রকল্প এলাকাটি ০৩(তিন) দিকে পাহাড় দিয়ে ঘেরা রয়েছে। ডিপিপি প্রণয়ণ ও অনুমোদনের সময় সমতল এলাকায় ০৫টি এবং পাহাড়ের উপর ০২টি ভবনসহ (অফিসার্স কোয়াটার ও ইন্সপেকশন বাংলো) মোট ০৭(সাত) টি ভবন নির্মাণের নকশা প্রণয়ণ করা হয়। পরবর্তীতে প্রকল্পের কাজ শুরুর পূর্বে রাঙ্গামাটিস্থ প্রকল্প এলাকায় ২০১৭ সালে ব্যাপক ভুমিধস ঘটলে পাহাড়ের উপর প্রকল্পের আওতায় ০২টি ভবন নির্মাণ ঝুকিপূর্ণ এবং আর্থিকভাবে সাশ্রয়ী হবে না বিধায় পাহাড়ের উপর বর্ণিত ভবন দুটি'র নির্মাণ বাতিলপূর্বক বিদ্যমান প্রকল্প নকশা সংশোধন প্রয়োজন বলে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়কে অবহিত করা হয়। পরিবর্তিতে সেনা কল্যাণ সংস্থা কর্তৃক সংশোধিত নকশা উপস্থাপন করা হলে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখা -১ স্মারক নং: ৪০.০০.০০০০ .০১৫ .০৯৭. ২০১৬/ ৪৩৯,তাং: ১৯-১২-২০১৭ (সভার তারিখ ২৮ নভেম্বর ২০১৭) এর সিদ্ধান্ত ৩.১ এর আলোকে প্রকল্প স্থানের সমতল ভূমিতে ০৭টি নির্মিতব্য ভবনের প্লিন্হ এরিয়া ঠিক রেখে স্থান সংকুলানপূর্বক নকশা সংশোধনের নির্দেশনা দেয়া হয়।

১.২. বর্ণিত সিদ্ধান্তমতে প্রকল্প স্থানের সমতলে অনুমোদিত ডিপিপি 'তে অন্তর্ভুক্ত ০৭টি ভবন যথাঃ (১) ২ তলা সার্ভিস ভবন (২) ৫ তলা এডমিন ভবন (৩) ২ তলা ক্যাফেটেরিয়া ভবন (৪) ৪ তলা অফিসার্স কোয়ার্টার ভবন (৫) ৫ তলা পুরুষ হোষ্টেল ভবন (৬) ৩ তলা মহিলা হোষ্টেল ভবন এবং (৭) ২ তলা বিশিষ্ট ইন্সপেকশন বাংলো নির্মাণের স্থান সংকুলান করে প্রকল্পের সংশোধিত নকশা প্রণয়ণের কার্যক্রম গ্রহণ করা হয়। কিন্তু সমতলে ০৭টি ভবন নির্মাণের যথেষ্ট জায়গা না থাকায় পরিদর্শন বাংলোটি নির্মাণের জন্য পাহাড়ের কিছু অংশ ব্যবহার করতে হবে বিধায় তা অতন্ত্যঝুকিপূর্ণ ও আর্থিকভাবে সাশ্রয়ী নয় বলে পুনরায় সেনা কল্যাণ সংস্থা অভিমত ব্যক্ত করলে প্রকল্পের ২য় PIC সভার সুপারিশের ভিত্তিতে গত ১০-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত PSC সভায় প্রকল্প কাজ হতে পরিদর্শন বাংলোটি নির্মাণ বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া উক্ত সভায় প্রকল্প স্থানে নির্মিত

০৪তলা বিশিষ্ট অফিসার্স কোয়ারটারের ৩য় ও ৪র্থ তলায় যথাযথ কক্ষ বিন্যাসের মাধ্যমে পরিদর্শন বাংলোর সুবিধাদি অন্তর্ভুক্ত করে প্রকল্পের নির্মাণ এলাকা অনুমোদিত ডিপিপি অনুসরণে ৭১১৬.৯০ বর্গ মিটার সঠিক রেখে পরবর্তী সভায় প্রকল্পের সংশোধিত নকশা উপস্থাপন করতে সেনা কল্যাণ সংস্থার পক্ষের প্রকল্প পরিচালক ও প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। এ পরিপ্রেক্ষিতে সেনা কল্যাণ সংস্থার প্রকল্প পরিচালক কর্ণেল মাহমুদ PIC সভায় প্রকল্পের সংশোধিত নকশা উপস্থাপন করে বলেন যে, ৪ তলা বিশিষ্ট পুরুষ হোষ্টেলে ১০০ জন পুরুষের আবাসন ব্যবস্থা এবং ৩ তলা বিশিষ্ট মহিলা হোষ্টেলে ৫০ জন মহিলার আবাসন ব্যবস্থাসহ প্রকল্পের নির্মাণ এলাকা (প্লিন্হ এরিয়া) অনুমোদিত ডিপিপিমতে রাখার প্রয়োজনে পুরুষ হোষ্টেলটি ৫ তলার পরিবর্তে ৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা এবং মহিলা হোষ্টেলটি ৩ তলার পরিবর্তে ৫ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবনে পরিণত করা প্রয়োজন এবং এরুপ অত্যাবশ্যকীয় পরিবর্তনে প্রকল্পের নির্মাণ এলাকা হবে ৭১৪২.১৭ বর্গমিটার। তাছাড়া নির্মাণ কাজ হতে পরিদর্শন বাংলোটি বাতিল হওয়ায় মূল ডিপিপি'র অনুমোদিত প্রাক্কলিত ব্যয় হতে ১ কোটি ৩৮ লক্ষ ৭৩ হাজার ৯ শত ৮৫ টাকার হ্রাস ঘটবে। অত:পর তিনি প্রকল্প নকশা হতে পরিদর্শন বাংলো বাদ দিয়ে ৫ তলা বিশিষ্ট পুরুষ হোষ্টেলটি ৬ তলা ফাউন্ডেশনে ৬ তলা এবং ৩ তলা বিশিষ্ট মহিলা হোষ্টেলটি ৫ তলা ফাউন্ডেশনে ৫ তলা এবং অন্যান্য ০৪ টি ভবন পূর্ববৎ সঠিক রেখে সার্বিক প্রকল্পের সংশোধিত নকশাসহ সংশোধিত ব্যয় প্রাক্কলন টাঃ ৬১,৪৭,৮২,১৭১.৮৮ (একষট্টি কোটি সাতচল্লিশ লক্ষ বিরাশি হাজার একশত একাত্তুর টাকা/৮৮পয়সা) মাত্র PIC সভায় উপস্থাপন করেন। কমিটির সদস্যবৃন্দ এ পরিবর্তনে সম্মতি প্রকাশ করেন এবং পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে প্রকল্প পরিচালক'কে পরামর্শ প্রদান করেন।

২.০ সভার এ পর্যায়ে প্রকল্প মেয়াদের অবশিষ্ট সময়ের মধ্যে প্রকল্প কাজ সমাপ্তকরণের টাইম বাউন্ড এ্যাকশন প্লান বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। সেনা কল্যাণ সংস্থার প্রকল্প পরিচালক কর্তৃক ২০১৯-২০ অর্থবছরের টাইম বাউন্ড এ্যাকশন প্লান উপস্থাপন করা হলে তা প্রণীত সংশোধিত নকশামতে হালনাগাদ করে আগামী PSC সভায় অনুমোদন করিয়ে নিতে কমিটি কর্তৃক পরামর্শ দেয়া হয়।

৩.০ প্রকল্পের আওতাভুক্ত নির্মিতব্য ভবনসমূহে Fire Safety নিরুপণে Fire Protection ও Detection জনিত কি ধরণের ব্যবস্থা ও নকশা করা হবে তা সভার এ পর্যায়ে আলোচনা করা হয়। এ পর্যায়ে সেনা কল্যাণ সংস্থার প্রকল্প পরিচালক Power Point Presentation এর মাধ্যমে প্রকল্পের সকল ভবনের অগ্নি নিরাপত্তার বিষয়টি নকশাসহ বিস্তারিত সভায় উপস্থাপন করেন। সভায় Fire Safety নিরুপণে Fire Protection ও Detection system টির নকশা গ্রহণ করা যায় বলে সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন।

৪.০ সভার এই পর্যায়ে শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মহোদয়কে কো-অপ্টের মাধ্যমে প্রকল্পের PIC সভার সদস্যভূক্তির বিষয়ে আলোচনা হয়। নতুন সদস্যভূক্তির বিষয়ে প্রকল্পের অনুমোদিত ডিপিপি'তে কো-অপ্টের বিধান থাকায় আগামী PIC সভার সদস্য হিসেবে অতিরিক্ত মহাপরিচালক 'কে অন্তর্ভূক্ত করতে কমিটির সদস্যবৃন্দ সুপারিশ করেন।

অত:পর আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পের আগামী PSC সভার সদয় অনুমোদনের জন্য নিম্নরুপ সুপারিশ করেনঃ

<u>সুপারিশসমূহ:</u>

১. প্রকল্পের সংশোধিত নকশা ও এমতে প্রণীত ব্যয় প্রাক্কলন আগামী PSC সভায় সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

২. PSC সভার অনুমোদন প্রাপ্তির পর জরুরীভিত্তিতে প্রকল্পের পরিবর্তনসমূহ এবং ব্যয় প্রাক্কলনে ব্যয় হ্রাস উল্লেখপূর্বক অনুমোদিত ডিপিপি সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণের সুপারিশ করা হলো।

৩. প্রকল্পের টাইম বাউন্ড এ্যাকশন প্লান সংশোধিত নকশামতে হালনাগাদ করতে হবে এবং তা আগামী PSC সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

৪. প্রকল্পের Fire Protection ও Detection system টির নকশা আগামী PSC সভায় সদয়

৫. নতুন সদস্যভূক্তির বিষয়ে প্রকল্পের অনুমোদিত ডিপিপি'তে কো-অপ্টের বিধান থাকায় শ্রম অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মহোদয়কে PIC সভার সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করতে সুপারিশ করা হলো।

পরিশেষে সভাপতি প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম আরো ত্বরান্বিত করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ.কে.এম. মিজানুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
এবং সভাপতি, PIC কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মহাপরিচালক,বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ (সেকশন-৫), শেরে বাংলা নগর,ঢাকা।
২। মহাপরিচালক ,আরএন্ডআইসিটি,(সেনা কল্যাণ সংস্থা, রাওয়া কমপ্লেক্স,ঢাকা)
৩। যুগ্ম-প্রধান ,একনেক অনুবিভাগ ,পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৪। যুগ্ম-প্রধান ,প্রোগ্রামিং ডিভিশন, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৫।উপ- প্রধান, আর্থ -সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। উপ সচিব (সেকশন-১৩)অর্থ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। কর্ণেল মাহমুদ,প্রকল্প পরিচালক,সেনা কল্যাণ সংস্থা,বাংলাদেশ সেনাবাহিনী।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। জনাব সঞ্জয় কুমার ঘোষ,সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১ শাখা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২/২/২০২০
(আবু আশরীফ মাহমুদ)
পরিচালক(পরিকল্পনা)
এবং প্রকল্প পরিচালক